অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্রঙ্কসে অবকাঠামো পুনরুজ্জীবিত করার জন্য অভূতপূর্ব বিনিয়োগ ঘোষণা করলেন

বহু মাধ্যমের সম্প্রদায় সংযোজক রাস্তা দিয়ে ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের রূপান্তরে সাহায্য করতে স্টেটের পরিবহন বিভাগ 150 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল অনুদান পাবে যেখানে নিবেদিত বাস লেন এবং বাইসাইকেল চালক এবং পথচারীদের জন্য পথ থাকবে

প্রকল্পটি পুরো সাউথ ব্রঙ্কসের অবকাঠামো রূপান্তরে নিউ ইয়র্ক স্টেটের পূর্বের সাফল্যের অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে সাউথ ব্রঙ্কসজুড়ে অবকাঠামো পুনরুজ্জীবিত করতে নিউ ইয়র্ক স্টেটের অভূতপূর্ব প্রতিশ্রুতির সর্বশেষ মাইলফলকটি ঘোষণা করলেন। একটি বহু মাধ্যমের সম্প্রদায় সংযোজক রাস্তার সংযোজন বাড়া ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের (Cross Bronx Expressway) একটি প্রারম্ভিক অংশ রূপান্তরিত করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগকে (New York State Department of Transportation, NYSDOT) 150 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল অনুদান প্রদান করা হয়েছে, যেখানে নিবেদিত বাস লেন এবং বাইসাইকেল চালক এবং পথচারীদের জন্য পথ থাকবে এবং যা পশ্চিমে বোস্টন রোড এবং পূর্বে রোজডেল অ্যাভিনিউয়ের মধ্যে একটি স্থানীয় সংযোগ হিসেবে কাজ করবে। দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের (Bipartisan Infrastructure Law) অধীনস্থ জাতীয় অবকাঠামো সহায়তা কর্মসূচি (National Infrastructure Assistance Program, MEGA)/আমেরিকা পুনর্গঠনের জন্য অবকাঠামো (Infrastructure for Rebuilding America, INFRA) কর্মসূচির মাধ্যমে সম্ভব হওয়া অনুদানটি অতীতের পরিকল্পনার ভুল সংশোধন করে, স্বাস্থ্যকে সুরক্ষিত করে, এবং নিরাপত্তা উন্নত করার মাধ্যমে ব্রঙ্কস সম্প্রদায়সমূহে পুনরায় সংযুক্ত করার ক্ষেত্রে যেই ঐতিহাসিক অগ্রগতি করা হচ্ছে তাকে আরো অগ্রসর করতে সাহায্য করবে।

"সাউথ ব্রঙ্কসে বড় অনেক কিছু ঘটছে এবং সেই গতিবেগ ধরে রাখার জন্য আমাদের পূর্ণ ইচ্ছা রয়েছে, নতুন এই অনুদানটি এবং দ্বিপক্ষীয় অবকাঠামো আইন আমাদেরকে তা করতে সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন।** "ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে হলো পরিবহনের জন্য অসীম সম্ভাবনার একটি রাস্তা, এবং বরাদ্দকৃত এই ফেডারেল তহবিলটি এই সম্প্রদায়কে পুনরায় সংযুক্ত করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো তৈরির ক্ষেত্রে একটি শক্তসমর্থ ভিত্তি স্থাপন করবে, ঠিক যেমনটি আমরা হান্টস পয়েন্টে করছি। যদিও এটি দীর্ঘ একটি প্রক্রিয়ার প্রথম ধাপ, তবে এটি

একটি গুরুত্বপূর্ণ ধাপ যা এখানে বসবাসরত মানুষের কল্যাণে অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর পুনঃকল্পনা করার মাধ্যমে সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করার আমাদের লক্ষ্যকে অগ্রসর করবে, এবং একই সাথে যানবাহনের ট্র্যাফিক এবং দূষণের নেতিবাচক প্রভাব হ্রাস করতে সাহায্য করবে। সাউথ ব্রঙ্কসের জন্য এই অনুদান সম্ভব করার জন্য বাইডেন-হ্যারিস প্রশাসন এবং দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের জন্য ভোটদান করা নিউ ইয়র্ক কংগ্রেশনাল প্রতিনিধিদলের (New York Congressional delegation) সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি।"

সাউথ ব্রঙ্কসের অবকাঠামো উন্নত করতে এবং এর বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করার জন্য স্টেটের অভূতপূর্ব বিনিয়োগসমূহ, যেমন চলমান 1.7 বিলিয়ন মার্কিন ডলারের হান্টস পয়েন্ট অ্যাক্সেস উন্নয়ন প্রকল্প (Hunts Point Access Improvement Project) এবং সম্প্রতি শেষ হওয়া শেরিডান ব্যুলেভার্ডে বিনিয়োগের অনুবর্তী ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের বহু মাধ্যমের সম্প্রদায় সংযোজক হলো বোস্টন রোড এবং রোজডেল অ্যাভিনিউয়ের মধ্যকার পাঁচটি ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে পুনর্বাসন বা প্রতিস্থাপন করার জন্য নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের প্রকল্পের একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান, যার কাজ 2026 সালে শুরু হবে। প্রকল্পটি পাঁচটি ক্ষতিগ্রস্ত ব্রিজের এবং সেখানে যাওয়ার রাস্তার পুনর্বাসন বা প্রতিস্থাপন করবে, এবং দক্ষিণমুখী ব্রঙ্কস রিভার পার্কওয়ে থেকে পশ্চিমমুখী ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়েকে সংযুক্তকারী একটি নতুন র‍্যাম্প নির্মাণ করবে।

পথচারী, বাইসাইকেল চালক এবং ট্র্যাফিকের জন্য আরো উন্নত পূর্ব/পশ্চিম সংযোগ প্রদান করার প্রয়োজনীয়তা সম্পর্কে বহু বছর ধরে সম্প্রদায়ের সদস্যদের ব্যক্ত করা উদ্বেগ সমাধান করার জন্য; এবং গণ পরিবহনের অ্যাক্সেসিবিলিটি উন্নত করার জন্য বহু মাধ্যমের সম্প্রদায় সংযোজক রাস্তাটি আমাদের সাহায্য করবে। নতুন সংযোজকটিতে নিবেদিত বাস লেন এবং বাইসাইকেল চালক ও পথচারীদের জন্য পথ থাকবে যা ব্রঙ্কস নদীর উভয় পাশের এলাকার বাসিন্দাদের জন্য পরিবহন সংযোগকে উন্নত করবে। এছাড়াও, এটি একটি বহুমাত্রিক বিনোদনমূলক ব্যবস্থা স্টারলাইট পার্ক পর্যন্ত, এবং ব্রঙ্কস নদী গ্রিনওয়ে পর্যন্ত একটি সরাসরি সংযোগ প্রদান করবে।

বহু মাধ্যমের সম্প্রদায় সংযোজক রাস্তাটির কাজ শেষ হলে তা শুধু এইসব গুরুত্বপূর্ণ উদ্দেশ্য পূরণ করবে না, বরং এছাড়াও একটি অস্থায়ী বিকল্প/ঘুরে যাওয়ার রাস্তা হিসেবে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে যা ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসকে উভয় দিকে একটি লেন দীর্ঘমেয়াদে বন্ধ করে রাখার প্রয়োজন শেষ করবে এবং ছয় বছরের পরিবর্তে চার বছরে ব্রিজের নির্মাণকাজ সম্পূর্ণ হওয়া সম্ভব করবে। প্রকল্পটিতে জন্য প্রথমে একটি নতুন ঘুরে যাওয়ার রাস্তা নির্মাণ করার কথা রয়েছে, যা স্থানীয় সড়কে ট্র্যাফিক ঘুরিয়ে দেওয়ার প্রয়োজন শেষ করবে এবং আরো দ্রুত এবং আরো কার্যকরভাবে কাজ অগ্রসর করতে দিবে। ব্রিজের কাজ শেষ হয়ে গেলে, ঘুরে যাওয়ার রাস্তাটিকে রিকনফিগার করে একটি বহু মাধ্যমের সম্প্রদায় সংযোজকে পরিণত করা হবে যা নতুন বাইসাইকেল, পথচারী এবং বাস লেনের অ্যাক্সেস প্রদান করবে। এছাড়াও, রেল ট্র্যাকের ওপর দিয়ে কোনো পথচারী সংযোগ না থাকার ফলে এবং প্রকল্পের ব্রিজের নিচে কোনো বাস ডিপো না থাকার কারণে বহু বছর ধরে পৃথক হয়ে থাকা সম্প্রদায়সমূহকেও পুনরায় সংযুক্ত করবে।

নতুন সংযোজক রাস্তার পাশাপাশি, ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে করিডোর পুনঃকল্পনা করার জন্য স্টেট ও সিটি কর্তৃক বর্তমানে পরিচালিত একটি স্টাডির সার্বিক লক্ষ্য অর্জন করার জন্য পাঁচটি ব্রিজে হওয়া অত্যাধুনিক মেরামত কাজ ভিত্তিগত হবে।

2022 সালে, মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগ (U.S. Department of Transportation (USDOT)) টেকসইভাবে ও সমতার সাথে আমেরিকান অবকাঠামো পুনর্গঠন (Rebuilding American Infrastructure with Sustainability and Equity, RAISE) কর্মসূচির অংশ হিসেবে একটি 2 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান প্রদান করে যাতে স্টেট এবং সিটি একটি সম্প্রদায়চালিত স্টাডির জন্য অংশীদারিত্ব করতে পারে যা ব্রঙ্কসে পরিবহনের ভবিষ্যৎ এবং সম্প্রদায়ের নেটওয়ার্ককে পুনঃকল্পনা করবে, এর ফলাফল 2024 সালের শেষের দিকে শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

এই প্রকল্পটি বর্তমানে প্রাথমিক প্রকৌশল পর্যায়ে রয়েছে। 2024 এর বসন্তে এবং গ্রীষ্মকালে NYSDOT পরিবেশ সংক্রান্ত নেতৃবৃন্দ, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড, এবং জনগণের সাথে বৈঠক করবে।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "নিউ ইয়র্কজুড়ে সম্প্রদায়সমূহকে সংযুক্ত করার জন্য গভর্নর হোকল দেশের অন্য যেকোনো নেতার থেকে বেশি কাজ করছেন এবং ব্রঙ্কসে তার প্রশাসন যেই রূপান্তরমূলক বিনিয়োগ করছে তা আরো অগ্রসর করতে এই অনুদানটি সাহায্য করবে। ক্রস ব্রঙ্কস এক্সপ্রেস এ সংযোজক প্রকল্পটি হলো ব্রঙ্কস নদীর উভয় পাশের সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করার জন্য একটি মুখ্য ধাপ।বাইক চালানো এবং হাঁটার জন্য নিবেদিত বাস লেন এবং এলাকাসমূহের সাথে মিলে সংযোজকটি ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের বর্তমান বাসযোগ্যতা এবং ভবিষ্যতের পুনঃকল্পনায় অবদান রাখবে।এই প্রকল্পে সমর্থনের জন্য গভর্নর হোকলকে এবং সেই সাথে এমন প্রকল্পের জন্য এইসব ফেডারেল ঐচ্ছিক অনুদান উপলভ্য করার জন্য বাইডেন প্রশাসনকে ধন্যবাদ জানাচ্ছি, এটি সমৃদ্ধশালী সম্প্রদায় গঠন করতে সত্যিকারের আমূল পরিবর্তনের বিনিয়োগের জন্য ভিত্তি স্থাপন করে দেয়।"

বহু মাধ্যমের সম্প্রদায় সংযোজকটির জন্য 150 মিলিয়ন মার্কিন ডলার অনুদানটি হলো ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের রূপান্তরে বাইডেন-হ্যারিস প্রশাসন থেকে পাওয়া সর্বশেষ সমর্থন প্রদর্শন, এবং কাঠামোর সার্বিক অক্ষুণ্ণতা বজায় রাখার জন্য এটি অত্যাবশ্যকীয় এবং ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের জনস্বাস্থ্য প্রভাব হ্রাস করতে করা সকল ভবিষ্যৎ উন্নয়নকাজের জন্য এবং আজকে এর দ্বারা বিভক্ত থাকা সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করার জন্য প্রয়োজনীয়।

ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে করিডোরের রূপান্তরটি হলো ব্রঙ্কসে দীর্ঘদিনের অবকাঠামো সমস্যা সমাধানে এবং সকল বাসিন্দার জন্য জীবনযাত্রার মান উন্নত করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রতিশ্রুতির একটি অংশ। 2018 সালে, স্টেট আর্থার শেরিডান উন্নয়ন প্রকল্পে (Arthur Sheridan Enhancement Project) নির্মাণকাজ শুরু করে। প্রকল্পটি শেরিডান এক্সপ্রেসওয়ের ইন্টারস্টেট হিসেবে আখ্যা অপসারণ করে, যার ফলে রাস্তাটিকে একটি নতুন শহুরে ব্যুলেভার্ডে রূপান্তরিত করা যায় যা বাসিন্দা ও বেড়াতে আসা মানুষকে ব্রঙ্কস নদীর ওয়াটারফ্রন্ট এবং স্টারলাইট পার্ক পর্যন্ত একটি সরাসরি সংযোগ প্রদান করে।

এই প্রয়াসগুলি হান্টস পয়েন্ট ইন্টারস্টেট অ্যাক্সেস উন্নয়ন প্রকল্পের (Hunts Point Interstate Access Improvement Project) সাথে চলমান রয়েছে, যা ব্রাকনার এক্সপ্রেসওয়ে এবং নতুনভাবে নির্মিত শেরিডান ব্যুলেভার্ড উভয় স্থান থেকে হান্টস পয়েন্ট মার্কেট পর্যন্ত সরাসরি রাস্তা প্রদান করবে, যা স্থানীয় রাস্তা থেকে ট্র্যাফিক সরিয়ে নিবে এবং শব্দ ও বায়ু দূষণ হ্রাস করবে। প্রকল্পে রয়েছে কংক্রিট প্ল্যান্ট পার্ক এবং গ্যারিসন প্লেগ্রাউন্ডের মধ্যে একটি নতুন মিশ্র ব্যবহারের পথ নির্মাণ করা এবং একটি নতুন ব্রায়ান্ট অ্যাভিনিউ পথচারী ব্রিজ নির্মাণ করা।2023 সালের আগস্ট এমসি, গভর্নর হোকল প্রকল্পের দ্বিতীয় পর্যায় ঘোষণা করেন। প্রকল্পের শেষ পর্যায় সময়মতো হচ্ছে এবং 2025 সালের ফল মৌসুমে এর কাজ শেষ হওয়ার কথা।

ব্রঙ্কসে রোজডেল অ্যাভিনিউয়ের উপর ব্রাকনার এক্সপ্রেসওয়েকে বহনকারী ব্রিজের পুনর্বাসন করার জন্য 44.7 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের সূচনা 2023 সালের মে মাসে গভর্নর ঘোষণা করেন। নিউ ইয়র্ক সিটি অঞ্চলের অত্যাবশ্যকীয় একটি যাতায়াত ও বাণিজ্যিক ধমনী সংলগ্ন এলাকায় নিরাপত্তা উন্নত করার জন্য এবং যাতায়াত সহজ করার জন্য প্রকল্পটি ব্রিজটির পুনঃস্থাপন ও আধুনিকায়ন করবে।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের দিকে তাকালে আপনি বিশাল লেন, গাড়ি, দূষণ, এবং বিচ্ছেদ দেখতে পারবেন। সেজন্য, দূষণ এবং ট্র্যাফিক প্রবাহ উভয় দিক থেকেই ব্রঙ্কসে অতীতের কিছু অবকাঠামো সম্পর্কিত ভুলকে আমরা অবশেষে বাইডেন-হ্যারিস প্রশাসনের অধীনে সংশোধন করার সুযোগ পেয়েছি। এবং, আমরা শুধু সেই সুযোগটি গ্রহণ করিনি, বরং আমরা এর সেরা ব্যবহার করেছি এবং 150,000,000 মার্কিন ডলারের সাথে একে মেলাতে পেরেছি। এই MEGA অনুদান বিজয়টি নিবেদিত বাস লেন এবং সেই সাথে বাইসাইকেলচালক এবং পথচারীদের জন্য পথ স্থাপনে সাহায্য করবে। এমন বর্তমান সময়ের অবকাঠামোর বৈশিষ্ট্য ব্রঙ্কসের বাসিন্দাদের শুধু প্রয়োজন নয়, প্রাপ্যও, এবং এর দ্রুত এর কাজ শুরু করা দেখতে আমি উন্মুখ।"

প্রতিনিধি রিচি টোরেস বলেন, "ডিজেল ট্রাকের ট্র্যাফিক প্রতিদিন বাসিন্দাদের নিঃশ্বাস নেওয়ার বাতাসকে দূষিত করছে, তাই ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে হলো বর্ণবাদের আক্ষরিক এবং রূপক উভয় ধরনের কাঠামো। এই তহবিলের ফলে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ রবার্ট মোসেসের ভুলকে এবং বহু দশকের অবহেলাকে সংশোধন করতে পারবে যা ব্রঙ্কসাইটদেরকে বিপজ্জনক মাত্রার দূষণের শিকার করে রেখেছে। যেই সম্প্রদায়ে প্রয়োজন সর্বাধিক সেখানে অবকাঠামো উন্নয়নে স্টেটের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে কৌশলী এই বিনিয়োগটি হচ্ছে, 1.7 বিলিয়ন মার্কিন ডলারের হান্টস পয়েন্ট অ্যাক্সেস উন্নয়ন প্রকল্প এবং সম্প্রতি শেষ হওয়া শেরিডান ব্যুলেভার্ডের মতো প্রকল্প এর জন্য উদাহরণ হিসেবে কাজ করেছে। পরিবহন বিভাগ, নিউ ইয়র্ক কংগ্রেশনাল প্রতিনিধিদল, গভর্নর, এবং ক্রস ব্রঙ্কসকে সকলের জন্য আরো নিরাপদ একটি স্থান করা নিশ্চিত করতে কয়েক দশক ধরে কাজ করা সকল অংশীদারদের প্রতি আমি কৃতজ্ঞ।"

প্রতিনিধি আলেক্সান্ড্রিয়া ওকাসিও-কোর্টেজ বলেন, "ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়েকে আরো পথচারী এবং গণপরিবহনবান্ধব করতে পরিবেশ বিভাগ থেকে 150 মিলিয়ন মার্কিন ডলার পেয়ে আমরা আনন্দিত। রবার্ট মোসেস যুগের অবকাঠামোর ঐতিহাসিক পরিবেশগত অন্যায়ের

সমাধান করতে অনেক কাজ করতে হবে, এবং এটি সঠিক দিকে একটি পদক্ষেপ। ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়েকে সম্পূর্ণ ক্যাপ করার আগ পর্যন্ত আমরা থামবো না।"

স্টেটের সিনেটর লুই সেপুলভেডা বলেন, "ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়েকে রূপান্তরিত করার জন্য 150 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল অনুদান সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণাটি সাউথ ব্রঙ্কসের জন্য একটি যুগান্তকারী ধাপ। একটি বহু মাধ্যমের সম্প্রদায় সংযোজক রাস্তায় বিনিয়োগ শুধু সংযোগ উন্নত করবে না বরং এছাড়া ভিড় হ্রাস করবে এবং নতুন বিনোদনমূলক সুযোগ খুলে দিবে। এটি আমাদের অবকাঠামো পুনরুজ্জীবিত করা, পথচারী, বাইসাইকেল চালক, এবং সম্পূর্ণ সম্প্রদায়কে লাভবান করার জন্য একটি প্রতিশ্রুতির প্রতিনিধিত্ব করে। এটি নিউ ইয়র্ক স্টেটের জন্য গর্বের একটি মুহূর্ত, এটি কর্মদক্ষতা এবং আমাদের নাগরিকদের সুস্থতা উভয়কে অগ্রাধিকার প্রদান করবে এমন একটি ভবিষ্যৎ গঠনের প্রতি আমাদের নিবেদনকে প্রদর্শন করে।"

স্টেটের সিনেটর নাটালিয়া ফার্নান্ডেজ বলেন, "ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে রূপান্তরিত করতে সাহায্য করার জন্য 150 মিলিয়ন মার্কিন ডলারের ঘোষণাটি ব্রঙ্কসের ইতিহাসে আরেকটি যুগান্তকারী মুহূর্ত। সূচনার সময় থেকে, ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে আমাদের বহু সম্প্রদায়সমূহে বিনিয়োগ না হওয়ার কারণ হয়েছে, অ্যাজমার হার বৃদ্ধি করেছে, এবং ব্রঙ্কসাইটদের একদা সহজলভ্য সংস্থান থেকে পৃথক করে দিয়েছে। সকল ব্রঙ্কসাইটের জন্য জন্য এই বিনিয়োগটি কতটা প্রয়োজনীয় এবং রূপান্তরমূলক তা অনুধাবন করার জন্য নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ এবং গভর্নর ক্যাথি হোকলকে আমি ধন্যবাদ জানাতে চাই। ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে দ্বারা প্রত্যক্ষভাবে প্রভাবিত সম্প্রদায়সমূহের জন্য এই বিনিয়োগসমূহ কীভাবে নতুন সুযোগ নিয়ে আসে এবং অতীতের বছরের ভুলকে সংশোধন করার জন্য অব্যাহত বিনিয়োগ দেখার জন্য আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য কেনি বার্গোস বলেন, "150 মিলিয়ন মার্কিন ডলারের এই ফেডারেল অনুদানটি হলো একটি বাস্তব বিনিয়োগ যার দ্বারা আগামী অনেক দশক ধরে নিউ ইয়র্কবাসীরা উপকৃত হবে। এটি এলাকাসমূহকে পুনরায় সংযুক্ত করতে এবং এর সম্প্রদায়সমূহের কল্যাণের প্রতি স্টেটের নিবেদনের প্রমাণস্বরূপ। এই প্রকল্পটি সম্পূর্ণ হওয়ার জন্য এবং সেই সাথে প্রতি বছর আমাদের বরোতে যাতায়াত করা মিলিয়ন মিলিয়ন যাত্রীদের লাভবান করবে এবং ভবিষ্যৎ বিনিয়োগ দেখতে আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য কারিনেস রেয়েস বলেন, "আমার সম্প্রদায় এবং ব্রঙ্কস কাউন্টিতে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য গভর্নর হোকল, NYS DOT, এবং ফেডারেল সরকারের আমি প্রশংসা করছি। অতি গুরুত্বপূর্ণ এই অনুদানটি আমার নাগরিক ও পথচারীদের জন্য রাস্তা ও আশেপাশের সড়কে যাতায়াত করার ক্ষেত্রে ভিড়পূর্ণ এই এলাকাকে আরো নিরাপদ করবে। ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের নেতিবাচক প্রভাব প্রশমন করার ব্যবস্থাসমূহের জন্য আমরা তহবিল প্রদান অব্যাহত রাখছি, তাই আমি আশাবাদী যে রূপান্তরমূলক বিনিয়োগসমূহ আমাদের সেই দিনে নিয়ে যাবে যখন এই মুখ্য হাইওয়েটি ক্যাপড বা ডেকড হবে, যাতে করে ব্রঙ্কসাইটগণ বিনোদনের জন্য মূল্যবান স্থান এবং আরো উন্নত বাতাসের মান পুনরায় ফেরত পাবে।"

ব্রঙ্কস বরোর প্রেসিডেন্ট ভ্যানেসা এল. গিবসন বলেন, "ক্রস ব্রঙ্কস এক্সপ্রেসওয়ে পুনরুজ্জীবিত করার জন্য একটি বিনিয়োগ হলো আমাদের বরোর ভবিষ্যতে একটি বিনিয়োগ। পরিবহন সমতার ক্ষেত্রে গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের নেতৃত্ব এবং প্রতিশ্রুতির জন্য তাদেরকে ধন্যবাদ। প্রকল্পটি বাস্তবায়িত হতে দেখা এবং এই বরোতে আমাদের সাইকেলচালক, বাস যাত্রী, এবং পথচারীদের জন্য আরো সমর্থন দেখার জন্য আমরা উন্মুখ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন